দৈনিক সংবাদ

তারিখ ... FEB. 29 2000 ...
পৃষ্ঠা ... কলাম ...

75

বইমেলা



# সাংবাদিকদের লেখা বই এবং অন্যান্য


মাহবুব মতিন ॥ আজ বইমেলার শেষ দিন। এরই মধ্যে হরতালের ডাক মেলার প্রকাশক স্টল মালিকদের আশংকিত করে তুলেছিল। তাদের ভয় ছিল, শেষ মুহূর্তের বই বেচাকেনা বাধাগ্রস্ত হবে।

শেষ পর্যন্ত তাদের শঙ্কা কেটে গেছে। হরতালও মেলার তাল কাটতে পারেনি। মেলায় লোক সমাগমও হয়েছে। আর সেই পরিমাণে বিক্রিও হয়েছে।

গতকাল দুপুরের দিকে মেলায় লোক সমাগম একটু কম হয়। সময় গড়াতে থাকে লোক সমাগম আর বিক্রি বাট্টাও বাড়তে থাকে। বিকেল ৫টার পর থেকে মেলা পুরোপুরি জমে ওঠে।

সূচিপত্র'র সাঈদ বারী বলেন, মেলার শেষ দিকেই যা বিক্রি বাট্টা হয়। এ সময় হরতাল মেলাকে ক্ষতিগ্রস্ত করে থাকে। তবে আমাদের ক্রেতা এবং পাঠকরা হরতাল উপেক্ষা করে মেলায় ছুটে এসেছে। এটা আমাদের আশাবাদী করে তুলেছে।



সাংবাদিক সন্তোষগুপ্তের এ বছর একটি গ্রন্থই প্রকাশিত হয়েছে- 'সংবাদপত্র বনাম সাংবাদিকতা' প্রকাশিত হয়েছে কাকলী প্রকাশনী থেকে। তার আরেকটি গ্রন্থ 'সমাজতন্ত্রের অন্য ইতিহাস'-এর কাজ চলছে। সেটি প্রকাশিত হবে মেলার পরেই ইউপিএল থেকে।

সংবাদ-সাহিত্য সাময়িকীর সম্পাদক আবুল হাসনাতের সম্পাদনায় এ বছর প্রকাশিত হয়েছে 'মুক্তিযুদ্ধের কবিতা'। অবসর প্রকাশনা সংস্থা থেকে প্রকাশিত এ গ্রন্থে ২৮৬টি কবিতা রয়েছে।

'সংবাদ'-এর ফিচার বিভাগের কমলেশ রায়ের সম্পাদনায় এ বছর বের হয়েছে ব্যতিক্রমধর্মী গল্পগ্রন্থ 'মিনি গল্প'। দেশী-বিদেশী ৮২ জনের অনুগল্প নিয়ে এ গ্রন্থটি প্রকাশ করেছে এমএস প্রকাশনী।

দৈনিক ইত্তেফাকের ভারপ্রাপ্ত সম্পাদক রাহাত খানের উপন্যাস 'স্বর্ণ ত্রিভুজ হাঙ্গামা' দিব্য প্রকাশ, এবং 'আইনবেকের দৈত্য' (অন্যপ্রকাশ) এবারের উল্লেখযোগ্য উপন্যাস।

ইত্তেফাকের সহকারী সম্পাদক মহাদেব সাহার কাব্যগ্রন্থ 'কেন মোহে কেন বা বিরহে' (অন্য প্রকাশ), 'শূন্যতা আমার সঙ্গী' (অনন্যা), এবং 'নির্বাচিত কল্যাম' (অনুপম) বেশ ভাল চলছে।

ইত্তেফাকের সাহিত্য বিভাগের সম্পাদক আল মুজাহিদীর ৩টি বই এবার প্রকাশিত হয়েছে- 'প্রিজনভ্যান', 'দিদেনাস ও ল্যাবিরিন্থ' এবং 'যুদ্ধ নাস্তি' (প্রীতি)।

ইত্তেফাকের সিনিয়র রিপোর্টার রেজানুর রহমানের উপন্যাস 'জোড়া শালিক' প্রকাশ করেছে অন্য প্রকাশ।

ভোরের কাগজের সহকারী সম্পাদক আবু কায়সারের ৩টি নতুন বই এবার প্রকাশ করেছে সময় প্রকাশনী। 'কাফ্রির কাটা হাত', 'পাখিপুরের ভূতুড়ে কাণ্ড' এবং 'একাত্তরের গল্প শোন'।

ভোরের কাগজের সাহিত্য সম্পাদক মইনুল আহসান সাবেরের দুটি নতুন বই প্রকাশিত হয়েছে। 'বৃষ্টির দিন' এবং গল্পগ্রন্থ 'ব্যক্তিগত'।

ভোরের কাগজের ফিচার বিভাগের হুমায়ুন রেজার দ্বিতীয় কাব্যগ্রন্থ 'তবে শোন আজ বলি প্রেম' প্রকাশিত হয়েছে পড়ুয়া থেকে।

জনকণ্ঠের সহকারী সম্পাদক এখলাস-উদ্দিন আহমেদের কিশোর সাহিত্য 'ভর সন্ধ্যেবেলা' ও 'বাছাই ছড়া' প্রকাশ করেছে সাহিত্য প্রকাশ, তার 'রচনা সমগ্র' প্রকাশ করেছে এশিয়া পাবলিকেশন্স।

জনকণ্ঠের হাসান হাফিজের কাব্যগ্রন্থ 'স্তবগান সুন্দরের' (অন্য প্রকাশ), 'জল-রেখায় শব্দজোড়' (অনন্যা) এবং 'গল্পগুলো রূপকথা' (আহমেদ) এবার প্রকাশিত হয়েছে।

প্রথম আলোর নারীমঞ্চের সম্পাদক সুমনা শারমীনের নারীবাদী রচনা 'তবুও স্বপ্ন' প্রকাশ করেছে জনান্তিক। এ পত্রিকার কূটনৈতিক রিপোর্টার মোস্তফা কামালের 'আসাদ থেকে গণঅভ্যুত্থান' প্রকাশ করেছে এশিয়া এবং স্পোর্টস রিপোর্টার মোস্তফা মামুনের 'নো বলে রান আউট' প্রকাশ করেছে অনন্যা।

দৈনিক যুগান্তরের সহকারী সম্পাদক মাহবুব হাসানের প্রেমের কাব্যগ্রন্থ 'নির্জন জানালা' (ভেনাস) এবং উপন্যাস 'একটি টিনের বাড়ির স্বপ্ন' (অয়ন) প্রকাশিত হয়েছে।

যুগান্তর-এর সাহিত্য সম্পাদক আবু হাসান শাহরিয়ারের কাব্যগ্রন্থ 'এবার পাখিবন্যা হবে' এবং 'কালের কবিতা কালান্তরের কবিতা' প্রকাশ করেছে র‍্যামন পাবলিশার্স।

মানবজমিনের চিফ রিপোর্টার মিলন যাযাবীর 'এক বিতর্কিত রমণীর গোপন ডায়েরি' প্রকাশ করেছে বেরুটো। বইটি মেলায় বহুল আলোচিত এবং বিক্রির দিক দিয়ে প্রথম সারিতে রয়েছে।

একুশে টিভির প্রতিবেদক ইরাজ আহমেদের 'খ্যাতিমান ১০০' প্রকাশ করেছে শিখা প্রকাশনী। বইটি দ্য হান্ড্রেডস-এর অনুবাদ।

বাংলাদেশ সংবাদ সংস্থার প্রধান সম্পাদক হারুন হাবীবের বাংলাদেশ ব্লাড এন্ড ক্রুটালিটি প্রকাশ করেছে ম্যাগনাম ওপাস।

সাপ্তাহিক ২০০০-এর চিফ রিপোর্টার গোলাম মোর্তোজার 'ঘটনা থেকে সংবাদ এবং সাংবাদিকতা' প্রকাশ করেছে অনন্যা এবং 'শান্তিবাহিনী ঃ গেরিলা জীবন' প্রকাশ করেছে সময় প্রকাশনী। ২০০০-এর জসিম মল্লিকের উপন্যাস 'কোন কথা ছিল না (সময়)' এবং হৃদয় যতদূরে' (অনন্যা) প্রকাশিত হয়েছে।

ইনকিলাবের সহকারী সম্পাদক ইউসুফ শরীফের 'সেই মেয়েটি' প্রকাশ করেছে শোভা প্রকাশনী।

গতকাল ও মেলায় বেশকিছু নতুন বই এসেছে। অনন্যা গতকাল মেলায় এনেছে আহমেদ হুমায়ুনের 'নগর দর্পণ' এবং ডাঃ সুমন চৌধুরীর 'সবার জন্য স্বাস্থ্য'। মাওলা ব্রাদার্স এনেছে কাওসার হুসাইন সম্পাদিত ছোটগল্পের বিশ্ব সংকলন 'ছোট প্রাণ ছোট ব্যথা'। জাতীয় গ্রন্থ প্রকাশন এনেছে বখতিয়ার উদ্দিন চৌধুরীর 'নির্বাচিত প্রবন্ধ'।

প্রতিভাস এবার বের করেছে তাজউদ্দিন আহমদের ডায়েরি ১৯৪৯-১৯৫০। তাজউদ্দিন আহমদের এ ডায়েরির দ্বিতীয় খণ্ডটি প্রথম খণ্ড (১৯৪৭-৪৮) এর মতোই একটি অনবদ্য সংকলন।

মুহাম্মদ জাহাঙ্গীরের 'বিষয় ঃ সাংবাদিকতা' প্রকাশ করেছে সুবর্ণ, সেলিম আল দীনের 'প্রাচ্য' প্রকাশ করেছে শ্রাবণ, জিয়া হায়দারের কাব্যগ্রন্থ 'তোমার আমার পদ্য' প্রকাশ করেছে বর্ষমেহের প্রকাশনী এবং 'নির্বাচিত কবিতা' প্রকাশ করেছে র‍্যামন পাবলিশার্স।